32751 - গরীব লোক ও তার পরিবারের উপর কি ফিতরা ফরয?

প্রশ্ন

জনকৈ গরীব লোক তার মা-বাবা ও সন্তানাদি নিয়ে গঠিত পরিবার চালায়। ঈদুল ফিতরের দিন তার কাছে কেবল এক সা' খাবার থাকে। সুতরাং ঐ ব্যক্তির পক্ষ থেকে ফিতরা পরিশোধ করবে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

প্রশ্নকারী গরীব ব্যক্তির যে অবস্থার কথা উল্লেখ করেছেন যদি প্রকৃত অবস্থা এমন হয় তাহলে ঐ গরীব ব্যক্তি তার নিজের পক্ষ থেকে এক সা' খাদ্য ফিতরা হিসেবে পরিশোধ করবেন; যদি এক সা' খাদ্য তার নিজের ও তার পরিবারের সদস্যদের ঈদের দিন ও রাতের প্রয়োজনের অতিরিক্ত হয়। যেহেতু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "আপনি নিজেকে দিয়ে শুরু করুন। এরপর আপনি যাদের ভরণপোষণ করেন তাদের দিয়ে"।[সহিহ বুখারী (২/১১৭), (৬/১৯০) ও সহিহ মুসলিম (২/৭১৭, ৭১৮, ৭২১) নং ১০৩৪, ১০৩৬, ১০৪২]

পক্ষান্তরে, গরীব ব্যক্তি যাদের ভরণপোষণ চালান তাদের কাছে যদি নিজেদের ফিতরা নিজেরো পরিশোধ করার মত কিছু না থাকে তাহলে তাদের উপর থেকে ফিতরা মওকুফ হয়ে যাবে। যেহেতু আল্লাহ্ বলেছেন: "আল্লাহ্ কোন ব্যক্তির উপর তার সাধ্যের অতিরিক্ত কোন দায়িত্ব আরোপ করেন না।"[সূরা বাক্বারা, আয়াত: ২৮৬] এবং যেহেতু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "স্বচ্ছলতা ছাড়া ফিতরা নেই।"[সহিহ বুখারী (২/১১৭, ৬/১৯০), সহিহ মুসলিম (২/৭১৭, নং ১০৩৪)] এবং যেহেতু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "আমি যখন তোমাদেরকে কোন নির্দেশ দেই তখন যতটুকু পার ততটুকু পালন কর।"

আল্লাহ্ই তাওফিকদাতা